গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-১১৯

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২৬ ব. / ০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং-১২/২০২০ (রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ হতে উদ্ভুত) মামলার বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্র:
(১) মাউশিঅ'র স্মারক নং- ১জি/১৩৫৩/বি:/০৭/৮৩৬ বিশেষ, তারিখ: ০৩/৫/২০১৬
(২) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-২৩৪, তারিখ: ২৯/০৪/২০১৯ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-৪৪৫, তারিখ: ০১/০৯/২০১৯ খ্রি.
(৪) ডিএমই'র স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০২.০৭৬.১৯.২৮৮, তারিখ: ১৭/০৯/২০১৯ খ্রি.
(৫) জনাব মুহা: জাকারিয়া হোসেন এর পক্ষ হতে টিএমইডিতে উকিল নোটিশ প্রাপ্ত তারিখ: ১৯/১২/১৯ খ্রি.
(৬) টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.২৭৫.১৬-১৭, তারিখ: ০২/০১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসা'র প্রভাষক (আরবী) জনাব মুহা: জাকারিয়া হোসেন (ইনডেক্স নং-৩৬৩১২৪) এর এমপিও Stop Payment করত: এমপিও হতে নাম কর্তনের বিষয়ে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর সুপারিশ জানিয়ে মাউশি অধিদপ্তর হতে ০৩/৫/২০১৬ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে পত্র জারি করা হয়।

০২। উক্ত স্মারকের বিরুদ্ধে জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ দায়ের করা হয়। উক্ত রিট মামলার ০৫/২/২০১৮ তারিখের রায়/আদেশ নিম্নরুপ-

...... Therefore, the petitioner is entitled to get MPO as Principal of Madrasha and other benefit in accordance with law. The respondents are thereby directed to pay the MPO to the petitioner within 30(thirty) days from the date of receipt of this judgment.

০৩। রিট মামলার উক্ত আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ নং-২০৫১/২০১৮, ২৬৬৮/২০১৮ এবং ৪৪৯১/২০১৮ মামলার একত্রে ১০/১২/২০১৮ তারিখে প্রদত্ত নির্দেশনা নিম্নরুপ-

"We have heard the learned Counsel of both the parties and perused the impugned judgment of the High Court Division and the other materials on record.

Considering the facts and circumstances of the case, we find no legal infirmity in the impugned judgment factually and legally calling for interference by this Court.

Accordingly, we find no merit in these petitions and the same are dismissed."

০৪। উল্লিখিত (রিট মামলা ও সিপিএলএ) মামলাসমুহে রায়/আদেশ এবং তৎপ্রেক্ষিতে অনুমোদিত সিদ্ধান্ত অনুযায়ী যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর আলীম মাদ্রাসা'র প্রভাষক (আরবী) ও বর্তমানে অধ্যক্ষ জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক মামলায় চাহিত বিষয়টি নিষ্পত্তি করে পিটিশনার এর বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) এপ্রিল/২০১৯ হতে চালুকরণসহ নভেম্বর/২০১৬ হতে বর্তমান পর্যন্ত বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ পরিশোধের ব্যবস্থা গ্রহণের জন্য টিএমডি হতে গত ২৯/৪/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে ডিজি, ডিএমই-কে পত্র প্রেরণ করা হয়।

০৫। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্য না পাওয়ায় গত ০১/৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ডিএমই হতে ১৭/৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (৪) নং স্মারকমূলে টিএমইডি-এর উক্ত পত্রের নির্দেশনা প্রতিপালনের নিমিত্ত ডিএমই হতে ডিএমই এর পরিচালক (প্রশাসন ও অর্থ)-কে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে দেখা যায়।

০৬। তথাপি রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় মহামান্য আদালত কর্তৃক ০৫/২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনা অনুযায়ী নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে বকেয়া বেতন-ভাতা পরিশোধের দাবীতে পিটিশনার জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে সূত্রোক্ত (৫) নং কনটেম্পট নোটিশ প্রেরণ করা হয়।

০৭। উল্লিখিত প্রেক্ষাপটে টিএমডি হতে গত ২৯/৪/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্র এবং তৎপ্রেক্ষিতে ডিএমই এর ১৭/৯/২০১৯ তারিখের সূত্রোক্ত (৪) নং পত্রের নির্দেশনা বাস্তবায়ন করা হয়েছে কিনা তা জানানোসহ টিএমইডি'র নির্দেশনা বাস্তবায়ন না করার কারণ ব্যাখ্যা করা এবং রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় মহামান্য আদালত কর্তৃক ০৫/২/২০১৮ তারিখে প্রদত্ত রায় বাস্তবায়নে টিএমইডি কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়টি Legal notice প্রদানকারী বিজ্ঞ কৌসুলীকে অবহিতক্রমে ১২/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য ০২/০১/২০২০ তারিখে সূত্রোক্ত (৬) নং স্মারকমূলে ডিজি, ডিএমই-কে অনুরোধ জানানো হয়।

০৮। টিএমইডি হতে প্রেরিত ০২/০১/২০২০ তারিখের সূত্রোক্ত (৬) নং পত্রের উপর গৃহীত ব্যবস্থার তথ্যাদি অদ্যাবধি ডিএমই হতে জানা যায়নি।

চলমান পাতা-০২

০৯। ইতোমধ্যে পিটিশনার জনাব মুহা: জাকারিয়া হোসেন কর্তৃক কনটেম্পট পিটিশন নং-১২/২০২০ (রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে। উক্ত কনটেম্পট মামলায় জনাব মুনশী শাহাবুদ্দিন আহমেদ, সচিব টিএমইডি-কে ০১ নং এবং জনাব সফিউদ্দিন আহমেদ, ডিজি, ডিএমই-কে ০২ নং সহ মোট ০৭ কনটেম্পটনর করা হয়েছে।

১০। উক্ত কনটেম্পট মামলাটি গত ২০/০১/২০২০ তারিখে শুনানী শেষে মহামান্য কনটেম্পট আদালত কর্তৃক রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলার ০৫/২/২০১৮ তারিখের রায় বাস্তবায়ন না করায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না; সে মর্মে ১৭/০২/২০২০ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্ট কনটেম্পটনরগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

১১। এক্ষণে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক-

(ক) রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৫/২/২০১৮ তারিখে প্রদত্ত রায়/আদেশ বাস্তবায়নের নিমিত্ত টিএমডি হতে গত ২৯/৪/২০১৯ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকে প্রেরিত পত্রের (তথ্য না পাওয়ায় ০১/৯/২০১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পুনরায় ২য় তাগিদ পত্র) নির্দেশনা বাস্তবায়ন না করার কারণ ব্যাখ্যা করা। কারণ উক্ত নির্দেশনা বাস্তবায়ন না করায় কনটেম্পট পিটিশন নং-১২/২০২০ (রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ হতে উদ্ভুত) মামলার উদ্ভব হয়েছে।

(খ) রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলার ০৫/২/২০১৮ তারিখের রায় বাস্তবায়নে টিএমইডি কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়টি Legal notice প্রদানকারী বিজ্ঞ কৌসুলীকে অবহিতক্রমে ১২/০১/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য ০২/০১/২০২০ তারিখে সূত্রোক্ত (৬) সংখ্যক স্মারকমূলের প্রেরিত পত্রের উপর গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি টিএমইডি-কে অবহিত করা;

(গ) রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ মামলার ০৫/২/২০১৮ তারিখের রায় বাস্তবায়নে টিএমইডি কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়টি ডিএমই এর নিজস্ব আইনজীবী দ্বারা কনটেম্পট পিটিশন নং-১২/২০২০ (রিট পিটিশন নং-৮৭৫০/২০১৬ হতে উদ্ভুত) মামলার জবাবে উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আদালতের গোচরে নেয়া;

১২। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থার তথ্যাদি ১৫/০৩/২০২০ তারিখের মধ্যে (প্রমাণকসহ) টিএমইডিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ০৫/০৩/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:</u>

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।